



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester [Special] Examination, 2023

GE1-P2-BENGALI

NEW AND OLD SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) 'দলবৃত্ত' ছন্দের আরো তিনটি নাম এবং সেগুলি কারা দিয়েছিলেন লেখো।
- (খ) 'মুক্তক' কাকে বলে? এর একটি উদাহরণ দাও।
- (গ) 'যমক' আর 'শ্লেষ' অলংকারের পার্থক্য লেখো।
- (ঘ) সংজ্ঞা লেখো (উদাহরণসহ): ব্যাজস্ততি।
- (ঙ) রবীন্দ্রনাথের 'লোকসাহিত্য' গ্রন্থটির প্রকাশকাল লেখো। এই গ্রন্থের অন্তর্গত দুটি প্রবন্ধের রচনাকাল উল্লেখ করো।
- (চ) 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধে লোকসাহিত্যের কী কী বৈশিষ্ট্য ধরা পড়েছে?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) সংজ্ঞা লেখো (উদাহরণসহ): দল, মাত্রা, লয়।
- (খ) 'কলাবৃত্ত' ছন্দ কাকে বলে? এই ছন্দে পূর্ণ পর্বের মাত্রাসংখ্যা কত হয়? দুটি উদাহরণ দিয়ে বিষয়টি বুঝিয়ে দাও।
- (গ) ছন্দলিপি প্রস্তুত করোঃ
- যমুনাবতী সরস্বতী কাল যমুনার বিয়ে।
যমুনা যাবেন শ্বশুরবাড়ি কাজিতলা দিয়ে।।
কাজিফুল কুড়োতে কুড়োতে পেয়ে গেলুম মালা।
হাত-বুম্-বুম্ পা-বুম্-বুম্ সীতারামের খেলা।।
- (ঘ) 'বক্রোক্তি' অলংকার কাকে বলে? উদাহরণসহ এর প্রকারভেদ বর্ণনা করো।
- (ঙ) ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করোঃ
- (অ) আনিয়াছি ছুরি তীক্ষ্ণদীপ্ত প্রভাতরশ্মিসম।
- (আ) মন রে কৃষিকাজ জানো না।
এমন মানব জমিন রইল পতিত
আবাদ করলে ফলত সোনা।।
- (চ) ছড়ার মধ্যে চিরত্ব আছে — রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া ১' প্রবন্ধটি অবলম্বনে আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

১২×২ = ২৪

(ক) ‘মিশ্রকলাবৃত্ত’ ছন্দের সংজ্ঞা লেখো। উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) ছন্দলিপি প্রস্তুত করো:

(অ) তবু কি তোর ইচ্ছে করে আলগা খোলা শ্যামবাজারে,
সবার হাতে ঘুরতে ঘুরতে বিন্দু বিন্দু জীবন যাপন ?

(আ) নশ্র সে, নির্ধুর তবু আমাকে সর্বদা ঘিরে রাখে,
আমি যদি যেতে চাই দূরতর সাগরের ডাকে,
আমার অনন্ত গতি সীমন্তে সিঁদুর করে আঁকে।

(ই) দীপ্ত বিশ্ববিজয়ী। বর্ষা তোলো —
কেন ভয় ? কেন বীরের ভরসা ভোলো ?

(গ) ‘উপমা’ অলংকারের সংজ্ঞা লেখো। উদাহরণসহ এই অলংকারের শ্রেণিবিভাগগুলি বুঝিয়ে দাও।

(ঘ) “হরগৌরীর গান যেমন সমাজের গান, রাখাক্ষের গান তেমনি সৌন্দর্যের গান।”

— রবীন্দ্রনাথের ‘গ্রাম্যসাহিত্য’ প্রবন্ধে অবলম্বনে মন্তব্যটি ব্যাখ্যা করো।

—x—